রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ কার্তিক ১৪৩৩/১৯ অক্টোবর ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০১২.২৬-৯৬১**—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন অঞ্চল-৪-এর বিদ্যমান ১৪নং ওয়ার্ডে বসবাসকারী নাগরিকদের নাগরিক সেবা দ্রুত, সহজ ও কার্যকরভাবে প্রদানের সুবিধার্থে সেনপাড়া পর্বতা (পূর্ব ও পশ্চিম) ও কাজীপাড়া (পূর্ব ও পশ্চিম) এলাকা নিয়ে একটি পৃথক ওয়ার্ড এবং শেওড়াপাড়া (পূর্ব ও পশ্চিম) এলাকা নিয়ে অপর একটি পৃথক ওয়ার্ড গঠনের ব্যবস্থা গ্রহণের আবেদনপত্রে প্রস্তাব পাওয়া গিয়েছে।

আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ধারা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিদ্যমান ১৪ নং ওয়ার্ডকে প্রস্তাব মোতাবেক ০২টি ওয়ার্ডে বিভক্ত করার লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ২৭ অনুযায়ী সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য **প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে সীমানা নির্ধারণ কর্মকর্তা** এবং নিম্নোক্ত কর্মকর্তাগণকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলো:

(১) প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের -সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

মূল্য : টাকা ৪.০০

(২) জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি -সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

(৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

জুয়েল রানা

উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd